INF133

VOSA
Vehicle & Operator Services Agency

Bengali

ভিইকল্ আইডেনটিটি চেক (VIC) স্কীম

গাড়ীর পরিচিতি এবং অপরাধের ঘটনা



DVLA
Driver and Vehicle Licensing Agency

KEEP IT SAFE, KEEP IT HIDDEN, KEEP IT LOCKED
LET'S KEEP CRIME DOWN

An executive agency of the Department for Transport

গাড়ী সংক্রান্ত অপরাধের ঘটনা একটি গুরুতর সমস্যা। এর জন্য অর্থনৈতিক খাতে বছরে 3 বিলিয়ন পাউন্ড খরচ হয় এবং বীমার কিস্তি বেড়ে যাবার ফলে গাড়ীর মালিকদের ওপর সরাসরি প্রতিকূল প্রভাবের সৃষ্টি হয়।

গাড়ীসংক্রান্ত অপরাধের ঘটনার একটি দিক হল কার রিংগিং।'রিংগিং' মানে চুরি করা গাড়ীকে দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত গাড়ী বলে মেরামত করে চালানো। এর একটি পরিণাম হল নিরীহ নাগরিকেরা পরে বুঝতে পারেন যে তাদের কাছে এমন একটি গাড়ী বিক্রী করা হয়েছে যেটি চুরি করা গাড়ী। ভিইকল আইডেনটিটি চেক (VIC) 2003 সালের 7 ই এপ্রিল চালু করা হয়েছিল এবং কার রিংগিং করা এর জন্যে আরও শক্ত হয়ে গেছে।

এই তারিখ থেকে ক্ষতিগ্রস্ত গাড়ীগুলির কথা ড্রাইভার এন্ড ভিইকল লাইসেন্সিং এজেন্সিকে অবশ্যই (DVLA) জানাতে হবে যদি মেরামতির খরচ, দূর্ঘটনা ঘটার আগে গাড়ীর যা মূল্য ছিল তার চেয়ে বেশি হয়। সাধারণতঃ এই ঘটনা ঘটে যখন বীমাকারী, ইঞ্জিনীয়ারের দ্বারা ক্ষতি নির্দ্ধারণের পরে গাড়ীটি 'বাতিল' করতে মনস্থ করে। এইসব গাড়ীগুলিকে একটি VIC মার্কার বা চিহ্ন দেওয়া হয়, যেটি হল DVLA কমপিউটার রেকর্ডে যুক্ত একটি সংক্ষিপ্ত লেখন এবং যতদিন এটি রেকর্ডে থাকবে, DVLA বদলি হিসাবে কোনো রেজিস্ট্রেশন সার্টিফিকেট সরবরাহ করবে না (V5C, যেটি লগবুক নামে সাধারণতঃ পরিচিত) অথবা গাড়ীর জন্য ভিইকল লাইসেন্স রিমাইন্ডার (V11) দেবে না। যখন গাড়ীটি VIC পাশ করবে তখন VIC মার্কারটি সরিয়ে নেওয়া হবে। এর মানে ভিইকল এন্ড অপারেটর সার্ভিসেস এজেন্সি (VOSA) গাড়ীটির পরিচিতি সম্বন্ধে স্থিরনিশ্চিত হয়েছে। DVLA তখনই বদলি হিসাবে V5C দিতে সক্ষম হবে।

মনে রাখবেন ঃ *যদি আপনি কোনো গাড়ী কেনেন যেটি বীমাকারী 'বাতিল' করেছে, হয়তো এটির জন্য VIC লাগবে যদিও দুর্ঘটনায় ক্ষতির পরিমাণ সামান্য বলে বোধ হচ্ছে। VOSA কে 08706060440 নম্বরে ফোন করে সুনিশ্চিত করে নিতে পারেন যে গাড়ীটির একটি VIC মার্কার আছে, বা আগেই VIC নেওয়া হয়েছে। VOSA কে শুধু VIC নিতে হবে যখন একবার VIC মার্কার দেওয়া হয়ে গেছে। যদি তা করা না হয়, অথবা যদি ভিইকল আইডেনটিটি চেক (VIC) নেওয়া হয়ে গিয়ে থাকে, VOSA গাড়ীর VIC নিতে পারবে না এবং নেবার দরকারও নেই।*

কখন VIC নেবার দরকার?

যদি আপনার গাড়ী দুর্ঘটনায় জড়িয়ে পড়ে এবং তার পর বীমাকারী এটিকে DVLA এর কাছে 'বাতিল' বলে জানায়, কিন্তু আপনি গাড়ীটিকে নিজে মেরামত করবেন বলে রেখে দেন, সেক্ষেত্রেও গাড়ীটি VIC মার্কার পাবে। আপনি তখনও V5C পাবেন এবং আইনসঙ্গতভাবে গাড়ীটি চালাতে পারবেন, যতক্ষণ গাড়ীটির লাইসেন্স আছে, বৈধ MOT আছে, সড়কে চলবার উপযুক্ত এবং আপনার যথোপযুক্ত বীমা নিরাপত্তা আছে। কিন্তু,

যদি VIC মার্কার দেওয়া হয়ে থাকে, DLVA ‘বদলি’ সরবরাহের দরকার হলে আপনাকে V11 বা নতুন V5C দেবে না। এর জন্যে আপনার অসুবিধা হতে পারে। VOSA আপনাকে এই উপদেশ দেবে যে VOSA কে 0870 60 60 440 নম্বরে টেলিফোন করে জেনে নিন যে কোনো VIC মার্কার রাখা হয়েছে কি না। যদি VIC মার্কার রাখা হয়ে থাকে, VIC নেবার জন্য আপনার সুবিধেমত কোনো তারিখের জন্য আবেদন করুন।

***দ্রষ্টব্য ঃ** যদি আপনি এমন কোনো গাড়ী কেনেন যার V5C নেই, বা যেটির VIC করার দরকার, তাহলে আপনি গাড়ীটি VIC পাশ না করা পর্যন্ত গাড়ীটির জন্য রেজিস্টার করতে পারবেন না বা লাইসেন্স পাবেন না।*

আমি VIC র জন্য কিভাবে আবেদন করব?

- VOSA-র সাথে 0870 60 60 440 নম্বরে যোগাযোগ করুন যারা ঠিক বলতে পারবে VIC মার্কার রাখা হয়েছে কি না। VOSA VIC নেবে না যতক্ষণ না DVLA গাড়ীর রেকর্ডে VIC মার্কার দেখানো হচ্ছে।
- একটি আবেদন পত্র (VIC1) সম্পূর্ণ করুন, যেটি VOSA-র কাছ থেকে পাওয়া যাবে বা **www.direct.gov.uk** ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। আপনার পছন্দসই VIC সাইটে সম্পূর্ণ করা VIC1 টি দিয়ে দিন বা VOSA র কাছে দিন, ঠিকানা Welcombe House (VIC1ফর্মে পুরো ঠিকানা দেওয়া আছে) এবং সাথে সঠিক ফী দিন। এইসব পাওয়া না পর্যন্ত VOSA অ্যাপয়েন্টমেন্ট (পূর্ব নির্ধারিত সাক্ষাৎকার) স্থিরনিশ্চিতভাবে দিতে পারবে না। ডাকযোগে আবেদন করা ছাড়াও, আমরা শীঘ্রই ইন্টারনেট পরিষেবা দেব, যেখানে অনলাইনে আবেদনপত্র জমা করা চলবে। আরও তথ্যের জন্য VOSA র সঙ্গে যোগাযোগ করুন।
- **www.direct.gov.uk** ওয়েবসাইট থেকে বা VOSA কে 0870 60 60 440 নম্বরে টেলিফোন করে VICর জন্য কত খরচ হতে পারে তা জানা যাবে।
- একবার VOSA র কাছে আপনার আবেদনপত্র পৌঁছলে, আপনি VOSA র কাছ থেকে VICর তারিখ, সময় ও স্থান সম্পর্কে নিশ্চয়জ্ঞাপক সূচনা পাবেন।

আমি VIC সাইটে গাড়ীটি চালিয়ে নিয়ে যেতে পারি?

আপনি VIC সাইটে গাড়ীটি চালিয়ে নিয়ে যেতে পারেন যদি গাড়ীটি

- বৈধ MOT সার্টিফিকেট দ্বারা সুরক্ষিত থাকে
- সড়কে চলবার অবস্থায় থাকে
- যদি গাড়ীটিতে নম্বর প্লেট দেখানো হয়

VICর জন্য সরাসরি যেতে বা আসতে আপনাকে রোড ট্যাক্স (সড়ক কর) দিতে হবে না, কিন্তু আপনার জানা দরকার যে সড়কে কর না দিয়ে এবং নথিভুক্তি না করিয়ে গাড়ী রাখা

বা চালানো অপরাধ বলে গণ্য হয়। এছাড়াও, সুনিশ্চিত করবেন যে যদি গাড়ীটিকে VIC স্থানে নিয়ে যাওয়া হয়, চালক ব্যক্তিটি ওই কাজটি করার জন্য যেন বীমার আওতায় থাকে। VOSA কোনো VIC করবে না যদি না গাড়ীটি চলার ক্ষমতায় থাকে। কিন্তু, যদি, অন্য কোনো কারণে, গাড়ীটিকে VIC স্থানে চালিয়ে নিয়ে না যাওয়া যায়, এটিকে ওখানে পৌঁছনোর ব্যবস্থা করা যাবে।, কিন্তু VIC সাইট ম্যানেজারের সঙ্গে আগে থেকে ব্যবস্থা করে রাখতে হবে। ট্রান্সপোর্টারের মাধ্যমে যদি গাড়ীটিকে পৌঁছনোর ব্যবস্থা করা হয়, তাহলে অতিরিক্ত সময় হাতে রাখতে হবে, যাতে এটিকে নিরাপদে সাইটে নামানো. যায়, অ্যাপয়েন্টমেন্টের সময় শুরু হবার আগে।

যদি গাড়ীটিতে নম্বরপ্লেট লাগানো না হয়ে থাকে এবং আমাকে গাড়ীটি চালিয়ে VIC সাইটে যেতে হয়, তখন আমি কি করব?

VOSA-র সঙ্গে 0870 60 60 440 নম্বরে যোগাযোগ করুন, তারা আপনাকে নম্বর প্লেট পেতে সাহায্য করবে। তাদের স্থিরনিশ্চিত হতে হবে যে

- গাড়ীটির VIC মার্কার রাখা আছে
- আপনি গাড়ীটির নথিভুক্ত মালিক (রেজিস্টার্ড কীপার)

VIC সাইটে কি হয়?

অ্যাপয়েন্টমেন্ট করা সময়ের আগে বা ঠিক আগে আপনাকে অভ্যর্থনা বিভাগে (রিসেপশন) অ্যাপয়েন্টমেন্টের চিঠি এবং আবেদন যে করেছেন তার প্রমাণ সাবুদ ইত্যাদি অর্থাৎ কেনা/মেরামতির রসিদ, MOT সার্টিফিকেট ইত্যাদি নিয়ে দেখা করতে হবে। একজন প্রশিক্ষণপ্রাপ্ত ইনসপেকটর VIC (ভিইকল আইডেনটিটি চেক) করবেন। এর জন্যে কুড়ি মিনিট খানেক সময় লাগবে। আপনাকে VIC দেখতে দেওয়া হবে না। সমস্ত অন-সাইট স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক আবশ্যকতা এবং VOSA কর্মীদের দ্বারা প্রদত্ত যে কোনো নির্দেশ আপনাকে পালন করে চলতে হবে। VIC সাইট খুবই ব্যস্ত কর্মচঞ্চল এলাকা হয়, যেখানে সীমাবদ্ধ স্থানের অভ্যন্তরে গাড়ীর গতিবিধি নৈপুণ্যসহকারে পরিচালিত হয়। ফলে, সাইটে VOSA জীবজন্তু বা 16 বৎসরে কমবয়সী বালকবালিকাদের প্রবেশের অনুমতি দেয় না। এছাড়াও, এখানে আপনাকে প্রাপ্তবয়স্ক সঙ্গীর সংখ্যা সীমিত করতে বলা হবে।

VIC তে গাড়ীটির দুর্ঘটনাজনিত ক্ষতির পরীক্ষা থাকতে পারে, কিন্তু তা করা হবে কেবলমাত্র পরিচিতি পরীক্ষার উযেশ্যে, এতে মেরামতির গুণাগুণ বিচার করা হবে না, সুতরাং আপনাকে গাড়ীটি সড়কে চলবার উপযুক্ত কি না সে বিষয়ে বিশেষজ্ঞের স্বতন্ত্র মতামত নিতে হবে। গাড়ীটির মেরামতির কাজ উচ্চমানের হতে হবে যাতে বোঝা যায় যে গাড়ীটি রাস্তায় চলবার উপযুক্ত করে মেরামত করা হয়েছে। যদি তা না হয়, VOSA, VIC নিতে অস্বীকার করতে পারে। যদি, VIC নেবার কালে, ইনসপেকটর দেখেন যে কোনো গুরুতর

ত্রুটি রয়েছে, যার ফলে গাড়ীটি চালানো বিপজ্জনক হবে, সেক্ষেত্রে, তারা একটি নিষেধাজ্ঞা নোটিস (বিজ্ঞপ্তি) দেবেন। এর মানে, গাড়ীটি চালানো চলবে না যতক্ষণ না এটি সড়কে চলবার উপযুক্ত হয়, এবং এর ওপর নিষেধাজ্ঞা সরিয়ে নেওয়া হয়।

VIC তে যদি আপনার গাড়ী উপযুক্ত বলে মনে করা হয়

যদি VIC তে আপনার গাড়ী উপযুক্ত বলে মনে করা হয় তাহলে ফলাফলের সাথে DVLA রেকর্ডটি হাল আমলের উপযোগী করা হবে। 48 ঘন্টার মধ্যে সাধারণতঃ তা করা হয়। আপনাকে একটি VIC পাস সার্টিফিকেট (VIC20) দেওয়া হবে এবং তারপর আপনি V62 আবেদনপত্র ব্যবহার করে V5C র জন্য DVLA-র কাছে আবেদন করতে পারবেন। একটু অর্থ বা ফী দিতে হবে (এ বিষয়ে বিশদ তথ্যের জন্য DVLA কে 0840 240 0010 নম্বরে ফোন করুন) কিন্তু যদি আপনার গাড়ী C বিভাগের 'বাতিল' হয় আপনাকে ফী দেওয়া থেকে রেহাই দেওয়া হবে। V62 ফর্মে দেওয়া নির্দিষ্ট জায়গায় আপনি বিভাগটি সঠিকভাবে জানাবেন।

VIC নেবার আগে, যদি আপনি DVLA এর কাছে V62 জমা দিয়ে থাকেন, আপনাকে একটি চিঠি দিয়ে জানানো হবে যে আপনার গাড়ীর একটি VIC করা দরকার। একটি সফল VIC হয়ে গেলে, এই চিঠিটি DVLA কে ফেরত দিতে হবে, যাতে VIC পাশ করার তারিখ দেওয়া থাকবে। DVLA তখন V5C দেবার ব্যবস্থা করবে।

অধিকন্তু, আপনার স্থানীয় DVLA অফিসে যদি আপনি সঙ্গে সঙ্গে গাড়ীটির লাইসেন্স করাতে চান, তারা হয়ত আপনার VIC20 দেখতে চাইবে। আপনি যদি VIC20 হারিয়ে ফেলেন বা আপনাকে VIC20 না দেওয়া হয়ে থাকে, তাহলে আপনার DVLA রেকর্ড তখনও আপনা থেকে হাল আমলের উপযোগী হয়ে যাবে। কিন্তু, যদি আপনার ডুপ্লিকেট (আর একটি কপি) VIC20 দরকার হয়, VIC সাইট থেকে এটি পাওয়া যাবে নয়তো VOSA VIC সাপোর্টে 0870 60 60 440 নম্বরে ফোন করলে পাওয়া যাবে।

একবার দেওয়া হয়ে গেলে, নতুন V5C এই কথাই বোঝাবে যে গাড়ীটির পরিচিতি পরীক্ষা করা হয়ে গেছে।

যদি আপনি এমন কোনো গাড়ী কেনার কথা চিন্তা করেন যার আগে থেকেই একটি VIC20 আছে কিন্তু কোনো V5C নেই, আমরা আপনাকে জোরদারভাবে এই পরামর্শই দেব যে আপনি প্রথমে VOSA র সঙ্গে 0870 60 60 440 নম্বরে যোগাযোগ করে ওই VIC20 বৈধ কি না তা জেনে নিন।

যদি কোনো VIC তে আপনার গাড়ী গ্রহণযোগ্য না হয়

কোনো VIC তে আপনার গাড়ী যদি VOSA ইনস্পেকটরকে সন্তুষ্ট করতে না পারে, আপনাকে একটি VIC ব্যর্থতা নোটিস (VIC Failure Notice) অর্থাৎ VIC21 দেওয়া হবে, যেখানে আপনার 'ব্যর্থতার' কারণগুলি বলা থাকবে। যদি গাড়ীটি 'পাশ না করে' কারণ এটি DVLA র গাড়ীর রেকর্ডের সাথে মেলে নি, VOSA সেক্ষেত্রে অনুসন্ধান করবে এবং কোথাও কোনো গরমিল থাকলে তার সংশোধন করবে। অন্যান্য কেসগুলি আরও অনুসন্ধানের জন্য পুলিশের কাছে পাঠানো যেতে পারে। এর মানে এই নয় যে গাড়ীটি চুরি গিয়েছিল; গাড়ীটির পরিচিতি পরীক্ষা প্রক্রিয়ার চেষ্টা ও পরিচিতি সম্পর্কে স্থিরনিশ্চিত হবার এটি একটি অঙ্গ। যদি আরও অনুসন্ধানের পর গাড়ীটির পরিচিতি সম্পর্কে সন্তোষজনকভাবে স্থিরনিশ্চিত হওয়া যায়, VOSA 'ফেল' রেজাল্টকে 'পাশ' রেজাল্ট হিসাবে পরিবর্তন করবে।

স্থানীয় VOSA কর্মীরা আপনাকে যতটা সম্পূর্ণভাবে সম্ভব, ব্যর্থতার কারণগুলি বুঝিয়ে বলার চেষ্টা করবে, কিন্তু আপনার যদি আরও পরামর্শের দরকার হয় তাহলে VOSA র সঙ্গে 0870 60 60 440 নম্বরে যোগাযোগ করুন।

দ্রষ্টব্য ঃ VIC হল শুধুমাত্র - একবারের জন্য প্রক্রিয়া এবং যদি VOSA কোনো গাড়ীর জন্য VIC ব্যর্থতার নোটিশ দেয়, তাহলে তারা সেই গাড়ীর জন্য আর কোনো VIC আবেদন গ্রহণ করবে না। কিন্তু মূল আবেদনকারী ব্যর্থতার সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করতে পারেন। (নীচে দেখুন)।

VIC আবেদন

যদি আপনি VIC রেজাল্টের সঙ্গে একমত না হন, আপনি VOSA র কাছে আবেদন করতে পারেন। VIC 17 ফর্মে আবেদন জমা দিতে হবে, সঙ্গে থাকবে সংশোধন ফী (বর্তমানের VIC ফী)। আবেদন প্রক্রিয়াবিষয়ক আরও তথ্যের জন্য VOSA র সঙ্গে যোগাযোগ করুন।

অন্যান্য ভাষাতেও এই প্রচারপত্রটি পাওয়া যাচ্ছে

VIC সম্বন্ধে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে VOSA র সঙ্গে 0870 60 60 440 নম্বরে যোগাযোগ করুন অথবা দেখুন www.direct.gov.uk

VOSA/VIC/1301/NOV05